# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং-মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৫/৪২৪ তারিখঃ ২২/০৫/২০২৫ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC) বাজেট সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার নম্বর | : ০৩ (তিন) |
| সভার সভাপতি | : জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা ও চেয়ারপার্সন, শহর সমন্বয় কমিটি (TLCC) মানিকগঞ্জ পৌরসভা। |
| সভার নাম | : শহর সমন্বয় কমিটির (TLCC) সভা, মানিকগঞ্জ পৌরসভা। |
| সভার তারিখ | : ২১ মে ২০২৫ খ্রি.। |
| সভার বার | : বুধবার। |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : পৌরসভার সভা কক্ষ। |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ : (পরিশিষ্ট-ক)

মানিকগঞ্জ পৌরসভার শহর সমন্বয় কমিটি (TLCC) সভার চেয়ারপার্সন ও পৌর প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, অদ্যকার শহর সমন্বয় কমিটির সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দদেরকে আসছে পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ এর অগ্রীম শুভেচ্ছা জানান। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন আজকের সভা মানিকগঞ্জ পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হবে। বাজেট আলোচনার সহিত পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের গুরুত্বপূর্ন বিষয়সমূহ আলোচনার আহবান জানান এবং পৌর নির্বাহী কর্মকর্তাকে সভা শুরু করার আহ্বান জানান। পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সম্মানিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

| ক্রমিক নং- | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** সভায় প্রশাসক কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: বজলুর রহমান পূর্ববর্তী ১৯ মার্চ, ২০২৫ খ্রি. তারিখের শহর সমন্বয় কমিটির (TLCC) সভা কমিটির সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে গত ১৯ মার্চ, ২০২৫ খ্রি. তারিখের শহর সমন্বয় কমিটির (TLCC) সভার কার্যবিবরণীর কোন প্রকার পরিবর্তন ও সংশোধন না থাকায় পঠিত সভার কার্যবিবরণী অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা। |
| ০২। | **মানিকগঞ্জ পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ও কর প্রস্তাব আলোচনা** : প্রশাসক কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: বজলুর রহমান সভাকে অবহিত করেন যে, গত ২৪/০৪/২০২৫ খ্রি. তারিখে সকল শাখা প্রধানদের নিয়ে খসড়া বাজেট প্রস্তাব সংক্রান্ত বিষয়ে বিভিন্ন তথ্য উপাত্ত সম্বলিত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২০২৫-২০২৬অর্থ বছরের প্রস্তাবিত বাজেট কি ভাবে প্রণয়ন করলে মানিকগঞ্জ পৌরসভা ও পৌরবাসীর উপকারে আসবে সে বিষয়ে শাখা প্রধানদের নিকট হতে সুচিন্তিত মতামত ও ধারণা গ্রহণ করা হয়। পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, বাজেট একটি প্রতিষ্ঠানের আগামী অর্থ বছরের জন্য আয় ব্যয়ের দর্পন | বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাব শহর সমন্বয় কমিটির সদস্যদের মতামতের ভিত্তিতে আগামী ২৫/০৫/২০২৫ খ্রি.তারিখের মধ্যে সংশোধন পূর্বক আগামী পৌর পরিষদ সভায় উপস্থাপনের সুপারিশ গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা। |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং- | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বা উন্নয়ন পরিকল্পনার একটি কাল্পনিক রূপ বা চিত্র। আগামী অর্থ বছরে কি ধরণের পরিকল্পনা গ্রহণ করা হবে, কি ভাবে নাগরিকদের সেবার মান বৃদ্ধি করা যাবে তারই একটি রূপকল্প সকলের মতামতের ভিত্তিতে সরকার কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী খসড়া বাজেট সংকলন করা হয়েছে। তিনি আরো বলেন, মানিকগঞ্জ পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটের অযাচিত বেশ কিছু ব্যয় বাদ দেওয়া হয়েছে। যেমন-<br>০১। মুক্তিযোদ্ধাদের আপ্যায়ন বাবদ বরাদ্দ।<br>০২। মাহে রমজানের ইফতার সামগ্রী ক্রয় ও বিতরণ বরাদ্দ।<br>০৩। কাউন্সিলরদের ভ্রমণ বিষয়ক বরাদ্দ।<br>০৪। কর্মকর্তা/কর্মচারীদের শিক্ষা সফরের বরাদ্দ।<br>০৫। মুক্তিযোদ্ধাদের সংবর্ধনার বরাদ্দ।<br>০৬। সনসালটেন্সী ফি বরাদ্দ।<br>০৭। হাজারী গুরের মেলার বরাদ্দ।<br><br>সার্বিক বিষয় বিবেচনায় ও বাস্তবতার নিরিখে কৃচ্ছতা সাধন করে পুঙ্খানু পুঙ্খ বিচার বিশ্লেষণ পূর্বক ২০২৫-২০২৬অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের খসড়া তৈরী করা হয়েছে। আমার কর্তৃক সংকলিত প্রণীত বাজেটে ভুল ভ্রান্তি থাকতেই পারে। তিনি বলেন ইতোমধ্যে এ সংকলিত খসড়া বাজেট গত ১৫/০৫/২০২৫ খ্রি. তারিখে সংস্থান ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থাপন পূর্বক মতামত ও সুপারিশ গ্রহণ করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া বাজেটের কপি উপস্থিত সকল সদস্যদের হস্তগত করা হয়। সকলের অনুমতিক্রমে মানিকগঞ্জ পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাব সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। খসড়া বাজেটে রাজস্ব আয় ধরা হয়েছে ৪৪,৬০,৮৫,০০০/-(চুয়াল্লিশ কোটি ষাট লক্ষ পঁচাশি হাজার) টাকা, রাজস্ব ব্যয় ধরা হয়েছে ৪০,২৬,৩৫,০০০/-(চল্লিশ কোটি ছাব্বিশ হাজার পঁয়ত্রিশ হাজার) টাকা, উন্নয়ন খাতে আয় ধরা হয়েছে ৯২,৮৫,০০,০০০/-(বিরানব্বই কোটি পঁচাশি লক্ষ) টাকা ও উন্নয়ন খাতে ব্যয় ধরা হয়েছে ৯১,৮০,০০,০০০/-(একানব্বই কোটি আশি হাজার) টাকা। সর্বমোট আয় ধরা হয়েছে ১,৩৭,৪৫,৮৫,০০০/-(একশত সাইত্রিশ কোটি পঁয়তাল্লিশ লক্ষ পঁচাশি হাজার) টাকা ও সর্বমোট ব্যয় ধরা হয়েছে ১,৩২,০৬,৩৫,০০০/-(একশত বত্রিশ কোটি ছয় লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত সংশোধিত ও প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাবের খুঁটি নাটি ভুল ভ্রান্তি সংশোধনের জন্য উপস্থিত সকলকে বিনয়ের সহিত অনুরোধ জানান। উপস্থাপিত খসড়া বাজেটের ভুল বা সংশোধন/সংযোজন/ বিয়োজন যোগ্য বিষয়াদি আগামী ২৫/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তার নিকট লিখিত আকারে পেশ করার আহবান জানানো হয়। তিনি আরো বলেন, প্রস্তুতকৃত বাজেট পৌর | | |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং- | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | কর্মসম্পাদন সহায়তা কমিটির সভায় অনুমোদনের পর সচিব, স্থানীয় সরকার বিভাগের বরাবরে আগামী ৩০মে,২০২৫ খ্রি. মধ্যে প্রেরণ করতে হবে। উপস্থাপিত সংকলিত খসড়া বাজেট ও কর প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | | |
| | **সার্বিক আলোচনা : (১)** শহর সমন্বয় কমিটির ০৩ নং ওয়ার্ডের সম্মানিত পেশাজীবী প্রতিনিধির সদস্য জনাব সরকার মাসউদুর রহমান উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন আমাদের গঙ্গাধরপট্টি এলাকার সুনিতী ভবন হতে পূর্ব দিকে পোড়রা মসজিদ পর্যন্ত লিং রোডটির উন্নয়ন কাজ বাস্তবায়ন না হওয়ায় এলাকার জন-সাধারণ কষ্টের মধ্যে রয়েছে। রাস্তাটির উন্নয়ন কাজ বাস্তবায়ন খুবই প্রয়োজন।<br><br>**(২)** শহর সমন্বয় কমিটির ০৯ নং ওয়ার্ডের সম্মানিত পেশাজীবী প্রতিনিধির সদস্য জনাব এ্যাড. তানিয়া আজাদ সভাকে অবহিত করেন যে, আমি অদ্যকার সভায় শহর সমন্বয় কমিটির সদস্য হিসেবে গর্ববোধ করি। কিন্তু দু:খের বিষয় প্রথম শ্রেণীর পৌরসভার নাগরিক হওয়া সত্ত্বেও আমরা পৌরসভার বিভিন্ন ধরণের নাগরিক সুবিধা হতে বঞ্চিত হচ্ছি। আমাদের এলাকার রাস্তা ঘাট সমূহ জরাজীর্ণ অবস্থায় রয়েছে। এলাকার জন-সাধারণের চলাচলে ভীষণ অসুবিধার সৃষ্টি হচ্ছে। ৯ নং ওয়ার্ডে পানির লাইন নেই, বিদ্যুতের আলো নেই, ময়লার ডাস্টবিন বা গাড়ি নেই। পৌরসভার ওয়ার্ড গুলোর মধ্যে সবচেয়ে ৯ নং ওয়ার্ডটি খুবই অবহেলিত। তাই প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সরে জমিনে পরিদর্শণ পূর্বক প্রয়োজনীয় নাগরিক সুবিধা সমুহ নিশ্চিত করলে আপনার নিকট আমি এবং আমার এলাকাবাসি কৃতজ্ঞ থাকবে।<br>**(৩)** শহর সমন্বয় কমিটির ০৬ নং ওয়ার্ডের সম্মানিত সদস্য জনাব মো: জাকিরুল ইসলাম প্রশাসক মহোদয়কে সকলের পক্ষ হতে পৌরসভার হল রুমের ডেকোরেশন মান উন্নয়ন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন ইতোপূর্বের সভায় আমার ৬ নং ওয়ার্ডের দাশড়া তিতুমীর এলাকায় কার্পেটিং রাস্তা পানিতে ডুবে থাকার বিষয়টি উপস্থাপন করা হয়েছিল এবং পূর্বের কার্যবিবরণীতে বিষয়টি লিপিবদ্ধ হয়েছে। কিন্তু অধ্যাবধি সমস্যার সমাধান হয়নি। তিনি বলেন তিতুমীর স্কুলের ছাত্রছাত্রীরা রাস্তায় পানি জমে থাকার কারণে স্কুলের প্রবেশ করতে পারেন না। তাই পুন:রায় উক্ত রাস্তার জমে থাকা পানি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানান। তিনি আরো বলেন, পৌরসভার বিভিন্ন এলাকাতে পৌরসভা হতে পর্যান্ত পানি পায়না। তাই বাসার হোল্ডিং মালিকগণ নিজ উদ্যোগে নিজস্ব ব্যবস্থাপনায় সাবমার্সিবল পাম্প বসিয়ে পানির ব্যবস্থা করে থাকেন। উক্ত সাবমার্সিবল পানির পাম্প বসাতে আবার পৌরসভার পূর্ব অনুমোদন সহ ৩০,০০০/- (ত্রিশ হাজার) | (১) অদ্যকার সভায় উপস্থাপিত পৌরসভার বিভিন্ন ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট ও বিভিন্ন সমস্যাবলী পর্যায়ক্রমে সমাধানের সুপারিশ গৃহীত হলো।<br><br>(২) মানিকগঞ্জ পৌরসভার পানি সরবরাহ এলাকায় নির্ধারিত সাবমার্সিবল নলকূপ স্থাপনের নিবন্ধন ফি ও বিল প্রদান সাপেক্ষে ৫০ মিমি ব্যাস এর অধিক ব্যাসের নলকুপ স্থাপনের নিবন্ধন ফি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রস্তাবিত বাজেটে সংযোজনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br><br>(৩) যে সমস্ত উন্নয়ন প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং ঠিকাদারের সহিত চুক্তিপত্র সম্পন্ন হওয়ার পরও প্রকল্পসমূহ সংশ্লিষ্ট ঠিকাদারগণ বাস্তবায়ন করছেনা তাদেরকে তাগিদ পত্র দেওয়া সহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতিক্রমে সুপরিশ গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা<br>ও<br>নির্বাহী প্রকৌশলী<br>মানিকগঞ্জ<br>পৌরসভা |

প্রশাসক

| ক্রমিক নং- | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | টাকা ফি জমা প্রদান সহ মাসিক বিল পরিশোধ করতে হয়। আমার মনে হয় ব্যক্তি উদ্যোগে সাবমার্সিবল বসানো বাবদ নির্ধারিত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ফি ও পরবর্তীতে ধার্যকৃত মাসিক বিল জন সাধারণের জন্য একেবারেই জুলুম হয়ে যায়। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনা টেকসই করা ও পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে পানি ও পয়: নিষ্কাশন কর্তৃপক্ষ এর পানি সংযোগ ও পানি অভিকর বিধিমালা ২০১৭, পানি সরবরাহ উপ আইন মালা ১৯৯৯ ও পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনা ২০২৩ এর নির্দেশিকা অনুযায়ী মানিকগঞ্জ পৌরসভার পানি সরবরাহ এলাকায় নির্ধারিত নিবন্ধন ফি ও বিল প্রদান সাপেক্ষে ৫০ মিমি ব্যাস এর অধিক ব্যাসের নলকুপ স্থাপনের অনুমোদনের বিষয়ে পৌর পরিষদের গত ২৮ জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে ৩৮তম সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছে। মানবিক দিক বিবেচনায় নির্দেশিকায় উল্লেখিত ধার্যকৃত ফি কমিয়ে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা করা হয়েছে। তাই পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সাবমার্সিবল বসানোর ফি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বাজেটে সংযোজন করা হয়েছে।<br><br>**(৩)** শহর সমন্বয় কমিটির ০১ নং ওয়ার্ডের সম্মানিত সদস্য জনাব মাসুমা আক্তার মুক্তি সভাকে অবহিত করেন যে, সেওতা পাকা রাস্তার মসজিদ হতে উত্তর দিকে এ্যাডভোকেট আজাদ সাহেবের বাসা পর্যন্ত রাস্তাটি একটু বৃষ্টি হলেই পানিতে তলিয়ে যায়। এলাকার জন-সাধারণের চলাচলের সুবিধার্থে রাস্তাটির উন্নয়ন কাজ বাস্তবায়ন করা বিশেষ প্রয়োজন। তিনি আরো বলেন ৭নং ওয়ার্ডে ক্যাপ্টেন আব্দুল হালিম চৌধুরী সড়কের রেজাউল করিম রাজা উকিলের বাড়ি হতে পূর্ব দিকে এ্যাডভোকেট ছানোয়ার হোসেনের বাড়ী পর্যন্ত রাস্তা বিদ্যমান রয়েছে কিন্তু রাস্তাটি জনাব আব্দুল মজিদ ফটো সাহেবের বাসার সামনের পাকা রাস্তার সহিত সংযোগ হওয়ার কথা থাকলেও জনৈক কতিপয় ব্যক্তি জনসাধারণের চলাচলের রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করাতে এলাকার জন-সাধারণ প্রায় ২ কিলোমিটার মত রাস্তা ঘুরে যাতায়াত করতে হয়। এতে করে এলাকাবাসি সময় ও আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়।<br><br>**(৪)** শহর সমন্বয় কমিটির ০৩ নং ওয়ার্ডের সম্মানিত সদস্য সদস্য জনাব মোঃ শামীম চৌধুরী সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভার মাধ্যমে মানিকগঞ্জ শহরের মাঝ দিয়ে প্রবাহিত খালের সৌন্দর্য বর্ধনের কাজ চলমান অবস্থায় রয়েছে। কাজের দৃশ্যমান অগ্রগতি লক্ষ করা যাচ্ছে। তবে একটা বিষয় লক্ষনীয় যে, মানিকগঞ্জ মহিলা কলেজের উত্তর পার্শ্বে নির্মিত সরু ব্রীজটি কোন ভাবে প্রশারিত করা যায়কিনা ? তার কারণ ব্রীজের মাঝে একটি রিক্সা বা মটর সাইকেল প্রবেশ করলে | | |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং- | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | মহিলা কলেজের ছাত্রীদের চলাচলে ভীষণ অসুবিধার সৃষ্টি হয়। তাই খালের সৌন্দর্য বর্ধনের কাজের সাথে সাথে ব্রীজটি প্রশস্থ করার কাজ বাস্তবায়ন করা যায় কিনা ? ব্রীজটি প্রশস্থ করলে মানিকগঞ্জ শহরের সুনাম ধন্য মহিলা কলেজের শিক্ষকমন্ডলী, হাজার হাজার ছাত্রী ও শহরবাসী ভীষণ ভাবে উপকৃত হবে।<br><br>**(৫)** শহর সমন্বয় কমিটির সদস্য জনাব অলিয়ার রহমান খান সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বের শহর সমন্বয় কমিটির সভায় প্রকৌশল বিভাগের মাধ্যমে জানতে পারি নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)-এর আওতায় বিভিন্ন প্যাকেজের টেন্ডার কার্যক্রম শেষ হয়েছে এবং কিছু প্রকল্প টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য যে, পৌর এলাকায় কোন কোন প্রকল্প টেন্ডার হয়েছে তা অদ্যাবধি দৃশ্যমান হয়নি। নিয়োজিত ঠিকাদার কাজ শুরু করছেনা কেন তা আমাদের জানা প্রয়োজন। আর ইতোপূর্বের টেন্ডারকৃত কাজ সমূহ যে কোন মূল্যে একই ঠিকাদার নিয়োজিত হয়েছে। ঠিকাদার একই হওয়াতে উন্নয়ন কাজ বাস্তবায়নে কোন গতি নেই। আমার মনে হয় পরবর্তী সময়ে উন্নয়ন মূলক কাজ সমূহ গুচ্ছ পদ্ধতিতে প্যাকেজ সিসটেম না করে আলাদা আলাদা প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>**(৬)** অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ শাহাদৎ হোসেন সভাকে অবহিত করেন যে, পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তার টেন্ডার আহবান করা হয়েছে। ঠিকাদারদের সহিত চুক্তিপত্র সম্পন্ন হয়েছে। ঠিকাদারদেরকে তাগাদা দেওয়ার পরও কাজ শুরু করছেনা। রাজনৈতিক প্রেক্ষাপটে যে সমস্ত ঠিকাদান কাজগুলো পেয়েছে ঠিকাদারগুলো বর্তমানে আত্মগোপনের রয়েছে। তারপরও বিভিন্ন মারফত তাদের সহিত যোগাযোগ স্থাপনের চেষ্টা চালিয়ে যাচ্ছি। ঠিকাদারদেরকে তাগিদ প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন, অদ্যকার সভায় পৌরসভার বিভিন্ন এলাকার যে সমস্ত ছোটখাটো রাস্তার মেরামতের বিষয়টি উপস্থাপিত হয়েছে। উপস্থাপিত ক্ষতিগ্রস্থ রাস্তা সমূহ পৌরসভার রাজস্ব সচ্ছলতা সাপেক্ষে পর্যায়ক্রয়ে বাস্তবায়ন করা হবে। ইতোমধ্যে প্রশাসক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পৌরসভার বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়েছে এবং শহরের অভ্যন্তরে রিজার্ভ ট্যাংকী পুকুরের সৌন্দর্য বর্ধণের কাজ বাস্তবায়ন করা হয়েছে। পুকুরের চার পাশ পরিস্কার পরিচ্ছন্নতার কাজ, পুকুরের দক্ষিণ পার্শ্বের রাস্তার উন্নয়ন কাজ, দুই পার্শ্বে দুইটি ঘাটলা টাইস দ্বারা মেরামতের কাজ বাস্তবায়ন সহ ইলেকট্রিক সেড স্থাপন ও পুকুরের চার পাশে শহরবাসীদের বসার জন্য এসএসপাইপ দ্বারা বেশ কিছু বেঞ্চ তৈরী করে স্থাপন করা হয়েছে এবং বর্তমানে খান বাহাদুর আওলাদ হোসেন কলেজ সংলগ্ন পুকুরটির ও বিউটিফিকেশনের কাজ চলমান অবস্থায় রয়েছে। | | |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

পরিশেষে অদ্যকার সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং পৌরসভার আয়ের সহিত ব্যয়ের সঙ্গতি রেখে উপরোক্ত উত্থাপিত সমস্যাবলী পর্যায়ক্রমে সমাধানের আশা ব্যক্ত করে সকলের সু-স্বাস্থ্য কামনায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হলো।

(সানজিদা জেসমীন)
প্রশাসক সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
ও
চেয়ারপার্সন উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ
পৌরসভা শহর সমন্বয় কমিটি(TLCC)
E-mail: manikganj_municipality@yahoo.com

স্মারক নং-মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৫/৪২৪ তারিখঃ ২২/০৫/২০২৫ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জেষ্ঠতা ক্রম অনুসারে নয়) :-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।

০৩। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

০৪। জনাব........................................................সদস্য, পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।

০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৭। জনাব ...............................................................পদবি ..................... শাখা ....................................মানিকগঞ্জ পৌরসভা।
০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইডের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
০৯। সংশ্লিষ্ট নথি।

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ সানজিদা জেসমীন
প্রশাসক
ও মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
চেয়ারপার্সন উপ-পরিচালক (উপসচিব)
পৌরসভা শহর সমন্বয় কমিটি স্থানীয় সরকার, মানিকগঞ্জ